গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৬.২০.১৬৭.২০০৮- ৪৭৭

তারিখ ঃ ২৬/০১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্র স্থাপন এবং ফেনী, রাজশাহী ও সিলেট যুব প্রশিক্ষণ কেন্দ্রের সংস্কার, মেরামত ও আধুনিকীকরণ" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের আওতায় বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্রের অনুকূলে জুলাই ২০১৯ হতে সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত ০৩(তিন) মাসের ব্যয় নির্বাহের জন্য ছাড়কৃত মোট ১৮.১০ লক্ষ (আঠার লক্ষ দশ হাজার) টাকার স্থানীয় বিভাজন আদেশ জারি।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ৫(পাঁচ)টি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জুলাই ২০১৯ হতে সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত ০৩(তিন) মাসের ব্যয় নির্বাহের জন্য ১৩৬০১০১-সচিবালয়ের ১২-বিশেষ কার্যক্রমের অধীন ১২০০০৯৩৩৬-সমাপ্ত উন্নয়ন প্রকল্প-এর অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দকৃত ৪৭৬০.০০ লক্ষ (সাতচল্লিশ কোটি ষাট লক্ষ) টাকা হতে ১০৮৬.৩২ লক্ষ (দশ কোটি ছিয়াশি লক্ষ বত্রিশ হাজার) টাকা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২২-০১-২০২০ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৬০.১৪.০১৪.১৮-১৬ সংখ্যক স্মারকে নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়করণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করেছেন। মঞ্জুরি আদেশের ৪ নং ক্রমিকে বর্ণিত "বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্র স্থাপন এবং ফেনী, রাজশাহী ও সিলেট যুব প্রশিক্ষণ কেন্দ্রের সংস্কার, মেরামত ও আধুনিকীকরণ" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের আওতায় বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্রের অনুকূলে মোট ১৮.১০ লক্ষ (আঠার লক্ষ দশ হাজার) টাকা ছাড় করা হয়েছে। এ প্রকল্পের অনুকূলে মোট ছাড়কৃত ১৮.১০ লক্ষ (আঠার লক্ষ দশ হাজার) টাকা কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের সাকুল্যে বেতন-৩২১১১০৯ কোডে এবং অন্যান্য ব্যয়সমূহ অর্থনৈতিক কোডভিত্তিক ব্যয় নির্বাহের জন্য বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্রের অনুকূলে নিম্নোক্তখাতে স্থানীয় বিভাজন আদেশ জারি করা হলো:

(অংকসমূহ শত টাকায়)

| অর্থনৈতিক কোড | খাতওয়ারী বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ৩২১১১০৯ | সাকুল্য মজুরি (সরকারি কর্মচারী ব্যতীত) | ১১২০০ |
| ৩২১১১১৪ | ইউটিলিটি সার্ভিস চার্জ | ১০০০ |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | ৫০০০ |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | ১০০ |
| ৩২৫৫১০৪ | ষ্ট্যাম্প ও সিল | ২০০ |
| ৩২৫৫১০৫ | অন্যান্য মনিহারি | ২০০ |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার মেরামত | ২০০ |
| ৩২৫৮১০৮ | অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত | ২০০ |
| | সর্বমোট = | ১৮১০০ |

কথায় = (আঠার লক্ষ দশ হাজার) টাকা মাত্র

শর্তাবলীঃ

(ক) ছাড়কৃত উক্ত অর্থ প্রকল্পওয়ারী অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বিভাজন সরকারি আদেশে উল্লেখপূর্বক তা পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগের প্রেরণ করতে হবে।

(খ) ছাড়কৃত উক্ত অর্থ iBAS++ execation module-এর distribution option-এ এন্ট্রি করতে হবে। বিল ভাউচার দাখিলের মাধ্যমে হিসাব রক্ষণ কার্যালয় হতে সংশ্লিষ্ট খাতে ছাড়কৃত অর্থ উত্তোলন করতে হবে;

(গ) বিভাজনে প্রদর্শিত একখাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না ;

(ঘ) বরাদ্দকৃত অর্থ হতে Utility বিলসমূহ যথাসময়ে পরিশোধ করতে হবে ;

(ঙ) এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে ;

(চ) এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;

(ছ) সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জন্য অনির্দিষ্টকাল ব্যয় নির্বাহ করা বিধি-সম্মত নয় বিধায় উক্ত সমাপ্ত প্রকল্পসমূহের বিপরীতে রাজস্বখাতে পদ সৃষ্টিসহ নিয়োগ প্রক্রিয়ার অগ্রগতি বিষয়ে বিস্তারিত তথ্য পরবর্তী প্রস্তাবের সাথে প্রদান করতে হবে;

(জ) সাকুল্য মজুরি (সরকারি কর্মচারী ব্যতীত) খাতে অর্থ পরিশোধ প্রকল্পে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের রাজস্ব বাজেটে স্থানান্তরের নিশ্চয়তা হিসেবে গণ্য হবে না;

(ঝ) পরবর্তী প্রস্তাবের সাথে কি কি বিষয়ে কতজনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার বিস্তারিত বিবরণী অবশ্যই প্রেরণ করতে হবে; এবং

(ঞ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারি করে অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

অপর পাতা/২

২। প্রচলিত সরকারী বিধি মোতাবেক প্রকৃত বিল ভাউচারের মাধ্যমে স্ব-স্ব আর্থিক সীমাবদ্ধতার মধ্যে কিংবা যে ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী আবশ্যক সে ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী গ্রহণ পূর্বক বরাদ্দকৃত অর্থ উত্তোলন ও ব্যয় করতে হবে। উত্তোলনকৃত অর্থ এবং পরিশোধিত বিল ভাউচারের কপি ক্যাশবহিতে লিপিবদ্ধকরণসহ অন্যান্য প্রয়োজনীয় রেকর্ড পত্রাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। খাতওয়ারী বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রাখতে হবে এবং বরাদ্দের অতিরিক্ত কোন ব্যয় গ্রহণযোগ্য হবে না।

৩। প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণের সাকুল্য বেতন (মূল বেতন (অফিসার), মূল বেতন (কর্মচারী), বাড়ি ভাড়া ভাতা,চিকিৎসা ভাতা, পাহাড়ি ভাতা, টিফিন ভাতা, যাতায়াত বাতা, শিক্ষা ভাতা ও উৎসব ভাতা) ৩২১১১০৯-উপখাত হতে নির্বাহ করা যাবে।

৪। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেটে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিবালয়ের অধীন বিশেষ কার্যক্রমের আওতায় ১২০০০৯৩৩৬ সমাপ্ত উন্নয়ন প্রকল্প-এর অনুকূলে ৩৯১১১১১ সাধারণ থোক বরাদ্দ খাতে বরাদ্দকৃত ৪৭৬০.০০ লক্ষ (সাতচল্লিশ কোটি ষাট লক্ষ) টাকা হতে এ ব্যয় নির্বাহ করা হবে।

৫। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

৬। মহাপরিচালকের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৩/০১/২০২০

(আ,ন, আহম্মদ আলী)
(যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫০৮৬৩।

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবালয় ভবন,তৃতীয় ফেজ(৫মতলা)
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
বগুড়া।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৬.২০.১৬৭.২০০৮- 847 তারিখ ঃ ২৬/০১/২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। যুগ্মসচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। পরিচালক(প্রশিক্ষণ/পরিকল্পনা/দাঃবিঃ ও ঋণ),যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০৪। উপ-সচিব(যুব-২ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫। উপ-সচিব (বাজেট-২৩), অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(আইবাস মডিউলে অর্থ বিভাগ কর্তৃক অনুমোদনের অনুরোধসহ)।
০৬। উপ-প্রধান, স্কাইসোয়াম উইং, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর,ঢাকা।
০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
১০। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা। তাঁকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী,যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
১২। অফিস কপি।

26/01/2020

(মোঃ আলী আশরাফ)
সহকারী পরিচালক (অর্থ ও অডিট)
যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।